

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কপিরাইট অফিস, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় গ্রন্থাগার ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.copyrightoffice.gov.bd

১২/৪/২০১৮

স্মারক নং-৪৩.২৯.০০০০.০০১.০৩.২১২.১৮-৪৫৩

তারিখ :

২৫ চৈত্র ১৪২৪

০৮ এপ্রিল ২০১৮

বিষয় : লোকসাংস্কৃতিক অভিব্যক্তি সনাক্ত, সংগ্রহ, মূল্যায়ন ও সংরক্ষণ সংক্রান্ত বিশেষ কার্যক্রম পরিচালনার জন্য পরামর্শক নিয়োগ সংক্রান্ত।

সূত্র : ১। নং-৪৩.০০.০০০০.১১২.২২.৩৪৯.১৭.১৪০, তারিখ-১২ ফেব্রুয়ারি ২০১৮ খৃ :
২। নং-৪৩.০০.০০০০.১১২.২২.৩৪৯.১৭.১৫০, তারিখ-১৮ ফেব্রুয়ারি ২০১৮ খৃ :

উপর্যুক্ত বিষয়ও সূত্রদ্বয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, লোকসাংস্কৃতিক অভিব্যক্তি সনাক্ত, সংগ্রহ, মূল্যায়ন ও সংরক্ষণ সংক্রান্ত বিশেষ কার্যক্রম পরিচালনার জন্য ০১ জন পরামর্শক নিয়োগের প্রশাসনিক অনুমোদন দেয়া হয় এবং পরবর্তীতে ০২ নং সূত্রোক্ত স্মারক পত্রে একটি কমিটি গঠন করা হয়।

২। লোকসাংস্কৃতিক অভিব্যক্তি সনাক্ত, সংগ্রহ, মূল্যায়ন ও সংরক্ষণ সংক্রান্ত বিশেষ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে গঠিত কমিটির এক সভা ২২ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ কপিরাইট অফিসে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

- ক) পরামর্শক নিয়োগে পিপিআর এর বিধি ১০৪ (খ)এরদফা (অ) এর উপদফা (১)-এ অনুযায়ী যোগ্যতা ভিত্তিক নির্বাচন পদ্ধতি অনুসরণ করতে হবে;
- খ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও কপিরাইট অফিসের ওয়েবসাইটে সংশ্লিষ্ট কাজে টেকনিক্যাল জ্ঞানসম্পন্ন এবং বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদের কাছ থেকে Expiration of Intrest চেয়ে বিজ্ঞপ্তি জারি করতে হবে।

৩। বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে উক্ত বিজ্ঞপ্তিটি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

(জাফররাজা চৌধুরী)

রেজিস্ট্রার অফ কপিরাইট

ফোন : ৯১১৯৬৩২ (অফিস)

copyrightoffice_bangladesh@yahoo.com

সচিব,

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়,

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃ: আ: সহকারী প্রোগ্রামার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়)

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের কপিরাইট অফিসের লোক সাংস্কৃতিক অভিব্যক্তি সনাক্ত, সংগ্রহ, মূল্যায়ন ও সংরক্ষণ সংক্রান্ত বিশেষ কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট বিষয়ে উপযুক্ত বাংলাদেশী নাগরিকগণের কাছ থেকে আগামী ১৮ এপ্রিল ২০১৮ তারিখের মধ্যে Expiration of Intrest আহবান করা হচ্ছে। কাজের বিবরণ নিম্নরূপ :

পরামর্শকের কাজের বিবরণ :

- (১) স্থানীয়ভাবে আইপিআর সোসাইটি গঠনে সহায়তা, সোসাইটির কার্যপরিধি প্রণয়ন এবং সোসাইটির কাজের সুবিধার্থে গাইডলাইন প্রণয়ন।
- (২) স্থানীয়ভাবে তথ্য উপাত্ত সংগ্রহের নিমিত্ত নিয়োজিত গবেষণা সহযোগী (টিসিই)-দের জন্য কার্যপরিধি প্রণয়ন, তথ্য সংগ্রহে প্রশিক্ষণ প্রণয়ন, তথ্য-উপাত্ত ও প্রামাণ্যের তালিকা প্রণয়নের নির্দিষ্ট গাইড লাইন প্রণয়ন।
- (৩) সোসাইটির সার্বিক সম্ভাব্য কার্যক্রমের উপর রোশিয়ারও লিফলেট প্রণয়ন।
- (৪) লোকসাংস্কৃতির জ্ঞান ও অভিব্যক্তির সনাক্তকরণ, সংগ্রহ, মূল্যায়ন এবং সুরক্ষা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সহজপাঠ পুস্তিকা প্রণয়ন।
- (৫) জাদুঘর/সাংস্কৃতিক কেন্দ্র/শিল্পকলা একাডেমিতে সংগৃহীত উপাত্ত সংরক্ষণ ও প্রদর্শন বিষয়ে নির্দেশিকা প্রণয়ন।
- (৬) লোকসাংস্কৃতিক জ্ঞান ও অভিব্যক্তি সম্পর্কিত সার্বিক তথ্য-উপাত্ত ও প্রামাণ্যের খসড়া চূড়ান্তকরণ, শ্রেণিকরণ এবং তালিকা প্রণয়ন।
- (৭) লোকজ সাংস্কৃতিক অভিব্যক্তির মূল্যায়ন, সুরক্ষা ও বাণিজ্যিকিকরণের সকল সম্পর্কিত বিষয়ে কপিরাইট অফিস/মন্ত্রণালয়কে সার্বিক সহায়তা প্রদান এবং বিস্তারিত নির্দেশিকা প্রণয়ন ও সর্বস্তরের জনগণের মাঝে এর গ্রহণযোগ্যতা ও জনপ্রিয়তা অর্জনের লক্ষ্যে সুনির্দিষ্ট উদ্যোগ ও ভূমিকা রাখার নিমিত্ত সরকারকে পরামর্শ প্রদান।
- (৮) আলোচ্য কর্মসূচির অন্তর্ভুক্ত, সংশ্লিষ্ট সমুদয় বিষয়াদি এবং প্রাথমিক পর্যায়ের কর্মসূচি বাস্তবায়ন উদ্ভূত চ্যালেঞ্জ ও ঘাটতিসমূহ সমাধানের নিমিত্ত পরবর্তী পর্যায়ে করণীয় সম্বলিত স্থায়ীভাবে একটি অধিকতর বাস্তবসম্মত ও সমন্বিত Action Plan প্রণয়ন এবং TCE-এর বিষয়ে একটি স্থায়ী প্রশাসনিক ও আইনগত ভিত্তি প্রতিষ্ঠার জন্য প্রতিবেদন প্রণয়ন (দ্বিতীয় পর্যায়ের Action Plan যা সারা দেশের জন্য প্রযোজ্য হবে)।
- (৯) গবেষণা সহযোগী (টিসিই) নির্বাচনে সহায়তাকরণ এবং গবেষণা সহযোগী (টিসিই)-র কাছ থেকে প্রাপ্ত তথ্যসমূহ যাচাই ও পুনর্মূল্যায়ন এবং বিশ্লেষণপূর্বক মতামত প্রদান।
- (১০) গবেষণা সহযোগী (টিসিই) নির্বাচন করে কপিরাইট অফিসে নিয়োগের সুপারিশ করা (কর্মসূচি গৃহিত হওয়ার ০২ মাসের মধ্যে)।
- (১১) কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন, প্রতি তিনমাস অন্তর কপিরাইট রেজিস্ট্রারের মাধ্যমে মন্ত্রণালয়ের নিকট প্রদান।
- (১২) কর্মসূচির মেয়াদকাল শেষে কর্মসূচির বাস্তবায়নের উপর একটি সার্বিক প্রতিবেদন মন্ত্রণালয়ের নিকট প্রদান করা।

উল্লেখ্য, পারিশ্রমিক ও মেয়াদকাল আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে।

রেজিস্ট্রার অফ কপিরাইট

ফোন : ৯১১৯৬৩২ (অফিস)

copyrightoffice_bangladesh@yahoo.com